

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
www.dgc.edu.bd  
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি: দিসক/দিনাজ/উচ্চ মাধ্যমিক পরীক্ষা-২৫/২০২৫/৬৩

তারিখ: ১১ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা-২০২৫ এর বিলম্ব ফিসহ ফরমপূরণ বিজ্ঞপ্তি  
সূত্র: স্মারক নং-মাউশিবোদি/পনি/পরী/এইচএসসি/২০২৫/৩৬(১০০০)

তারিখ: ২৫/০২/২০২৫ খ্রিঃ

দিনাজপুর সরকারি কলেজের ২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের বিলম্ব ফিসহ ফরমপূরণ কার্যক্রম নিম্নরূপে সম্পন্ন করতে হবে।

ফরমপূরণের তারিখ: (১০০/- (একশত) টাকা বিলম্ব ফিসহ)

ক্রমিক নং	শাখা	তারিখ	টাকা পরিশোধের মাধ্যম
০১	বিজ্ঞান শাখা (নিয়মিত)	১২/০৩/২০২৫ থেকে ১৬/০৩/২০২৫	রকেট
০২	মানবিক শাখা (নিয়মিত)		
০৩	ব্যবসায় শিক্ষা শাখা (নিয়মিত)		
০৪	বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা (অনিয়মিত/জিপিএ উন্নয়ন/এক বিষয় বা দুই বিষয়/প্রাইভেট)	১২/০৩/২০২৫ থেকে ১৬/০৩/২০২৫	রশিদ

ফরমপূরণে অনুসরণীয় নিয়মাবলি:

- ১। কেবল বোর্ড প্রদত্ত Probable List এর শিক্ষার্থীরা ফরমপূরণ করতে পারবে। Probable List ০২/০৩/২০২৫ তারিখে কলেজের ওয়েবসাইটে www.dgc.edu.bd প্রকাশ করা হবে।
- ২। ফরমপূরণের জন্য এই কলেজের দ্বাদশ শ্রেণিতে ভর্তি সম্পন্ন থাকতে হবে এবং বৈধ রেজিস্ট্রেশনধারী ও নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৩। নিয়মিত শিক্ষার্থীদের কলেজের ওয়েবসাইট www.dgc.edu.bd এর Payment Option থেকে Online Form Fill-up Option ক্লিক করে Apply Option গিয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর কর্তৃক প্রদত্ত এসএসসি'র রেজিস্ট্রেশন নম্বর ও Payment Method এ ডার্চবাংলা ব্যাংক সিলেক্ট করে Verify করতে হবে। Payment Option এ গিয়ে রকেট নম্বর বা নেত্রাস পে কার্ড নাম্বার ও মোবাইল নম্বর দিয়ে ফি পরিশোধ করতে হবে। (রকেট নাম্বার বা নেত্রাস পে কার্ড নাম্বার দেওয়ার পর উক্ত মোবাইল নম্বরে OTP যাবে। উক্ত OTP নাম্বারটি দিয়ে ফি পরিশোধ সম্পন্ন হবে। ফি পরিশোধ হওয়ার পর রসিদের অনলাইন কপি সংরক্ষণ করতে হবে অন্যথায় ফরমপূরণ সংক্রান্ত কোনো জটিলতা হলে কলেজ কর্তৃপক্ষ কোনো দায়-দায়িত্ব বহন করবেনা।) ফরমপূরণ উপরে উল্লিখিত তারিখ অনুযায়ী সম্পন্ন হবে। প্রত্যেক পেমেন্টের অনলাইন চার্জ ১৫/- (পনেরো) টাকা।
- ৪। অনিয়মিত/মান উন্নয়ন শিক্ষার্থীদের কলেজের ক্যাশ শাখা হতে টাকা জমাদানের রশিদ সংগ্রহ করে উপরে উল্লিখিত ছক অনুযায়ী শাখাভিত্তিক বর্ণিত তারিখে সাউথইস্ট ব্যাংক লিমিটেড কলেজ বুথ (বিজ্ঞান ভবন), দিনাজপুরে টাকা জমা দিতে হবে।
- ৫। অনিয়মিত/মান উন্নয়ন শিক্ষার্থীদের টাকা জমা দেওয়ার রশিদের কলেজ কপিতে Probable List এর নিজ ক্রমিক নম্বর ও মোবাইল নম্বর উল্লেখ করে কলেজ শিক্ষক লাউঞ্জে (কলা ভবন ২য় তলা) পরীক্ষা কমিটির নিকট জমা দিতে হবে এবং রেজিস্টারে স্বাক্ষর করতে হবে। রসিদ জমা না দিলে ফরমপূরণ সংক্রান্ত কোনো জটিলতা হলে কলেজ কর্তৃপক্ষ কোনো দায়-দায়িত্ব বহন করবেনা।
- ৬। বিলম্ব ফরমপূরণকারীদের কলেজে এসে আগামী ২০/০৩/২০২৫ তারিখে Final Candidate List এ স্বাক্ষর করতে হবে।

ফরমপূরণের সময় প্রয়োজনীয় কাগজপত্র (শুধুমাত্র অনিয়মিত/মানউন্নয়ন/প্রাইভেট):

- ১। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-০১ কপি (অনিয়মিত সকল পরীক্ষার্থী)।
- ২। দ্বাদশ শ্রেণিতে ভর্তির রশিদের ফটোকপি-০১ কপি (অনিয়মিত যারা পরীক্ষায় অংশগ্রহণ করেনি)।
- ৩। অনিয়মিত (যারা পরীক্ষায় অংশগ্রহণ করেছে) ও ১/২ বিষয়ে পরীক্ষার্থীদের সর্বশেষ উচ্চ মাধ্যমিক পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি।
- ৪। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি।

সংযুক্তি: ফরমপূরণের ফি বিবরণী

প্রতিস্বাক্ষর  
১১/৩/২৫  
(প্রফেসর এ. কে. এম. আল আব্দুল্লাহ)  
অধ্যক্ষ  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

১১/৩/২০২৫  
(প্রফেসর মো. সাজেদুল ইসলাম)  
আহ্বায়ক  
উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা কমিটি-২০২৫  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি:

১. তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক শাখা, দিনাজপুর সরকারি কলেজ
২. হিসাব শাখা/ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ
৩. অফিস নথি

বিজ্ঞপ্তি: দিসক/দিনাজ/উচ্চ মাধ্যমিক পরীক্ষা-২৫/২০২৫/৬৩

তারিখ: ১১ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফরম পূরণের সংক্ষিপ্ত ফি বিবরণী:

বিলম্ব ফিসহ

বিভাগ	পরীক্ষার্থীর ধরন	পত্র সংখ্যা	টাকার পরিমাণ
বিজ্ঞান	নিয়মিত (যারা দ্বাদশে ভর্তি হয়েছে)	১৩	৩৭৫০.০০
	অনিয়মিত (যারা পরীক্ষায় ইতোপূর্বে অংশগ্রহণ করেনি)	১৩	৫৬২০.০০
	অনিয়মিত (যারা পরীক্ষায় ইতোপূর্বে অংশগ্রহণ করেছে)	১৩	২৮৮৫.০০
	জিপিএ উন্নয়ন	১৩	৩০৩৫.০০
	দুই বিষয় (আইসিটি ছাড়া)	০৪	১৫৪৫.০০
	দুই বিষয় (আইসিটি সহ)	০৩	১৩৬৫.০০
	এক বিষয় (আইসিটি ছাড়া)	০২	১১৮৫.০০
মানবিক/ ব্যবসায় শিক্ষা	নিয়মিত(যারা দ্বাদশে ভর্তি হয়েছে)	১৩	৩২৯০.০০
	অনিয়মিত (যারা পরীক্ষায় ইতোপূর্বে অংশগ্রহণ করেনি)	১৩	৪৯৬০.০০
	অনিয়মিত (যারা পরীক্ষায় ইতোপূর্বে অংশগ্রহণ করেছে)	১৩	২৩২৫.০০
	জিপিএ উন্নয়ন	১৩	২৪৭৫.০০
	প্রাইভেট ১১ পত্র	১১	৩১৩০.০০
	দুই বিষয় (আইসিটি ছাড়া)	০৪	১২৬৫.০০
	দুই বিষয় (আইসিটি সহ)	০৩	১২২৫.০০
	এক বিষয় (আইসিটি ছাড়া)	০২	১০৪৫.০০
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা	শুধু আইসিটি বিষয়ে অকৃতকার্য	০১	১০০৫.০০

প্রতিস্থাপক  
১১/৩/২৫  
(প্রফেসর এ. কে. এম. আল আব্দুল্লাহ)  
অধ্যক্ষ  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

১১/৩/২৫

১১/৩/২০২৫  
(প্রফেসর মো. সাজেদুল ইসলাম)  
আহ্বায়ক  
উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা কমিটি-২০২৫  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর